# 2022

## BENGALI

Paper : BEN–HC–4036

( Honours Core )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নির্দেশানুসারে অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দশটি) : ১×১০=১০

(ক) রবীন্দ্রনাথের 'বধূ' কবিতার বধূটি বিয়ের পূর্বে কোথা থেকে জল আনতে যেত?

(খ) খ্যাপা কোথায় পরশপাথর খুঁজে বেড়াত?

(গ) "রাজার হস্ত করে সমস্ত _____ ধন চুরি।"

(শূন্যস্থান পূর্ণ করো)

(ঘ) মৈত্রমহাশয় তীর্থস্নান করতে কোথায় গিয়েছিলেন?

(ঙ) মহাকবি কালিদাস কোন্ নগরে বসবাস করতেন?

(চ) অবিনাশ ঘোষালের জন্মদিন কবে?

(ছ) বিপ্রদাসের মায়ের নাম কী?

(জ) নুরনগর থেকে ঘোষালরা কোথায় বসতি স্থাপন করেছিল ?

(ঝ) মধুসূদন পড়াশোনা ছেড়ে প্রথমে কীসের ব্যবসায় শুরু করেছিল ?

(ঞ) ঘোষাল-চাটুজ্যেদের পুরানো বিবাদের কথা বিপ্রদাস কার কাছ থেকে জানতে পেরেছিল ?

(ট) 'পোস্টমাস্টার' গল্পের 'পোস্ট আপিস'টি কোন্ গ্রামে অবস্থিত ?

(ঠ) কাবুলিওয়ালার প্রকৃত নাম কী ?

(ড) রামদয়াল দারোয়ান কাককে কী বলত ?

(ঢ) 'আপদ' গল্পের শরৎবাবুর বাগানবাড়িটি কোথায় অবস্থিত ছিল ?

(ণ) মতিলালবাবু কোথাকার জমিদার ছিলেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ২×৫=১০

(ক) রাজার কাছে ভিটেমাটি হারিয়ে উপেন কোন্ বেশে দেশান্তরী হয়েছিল এবং কত বছর পর সে আবার দেশে ফিরে এসেছিল ?

(খ) 'দেবতার গ্রাস' কবিতার রাখালের মা ও মাসির নাম কী ?

(গ) ''অলক সাজত কুন্দফুলে, শিরীষ পরত কর্ণমূলে,
মেখলাতে দুলিয়ে দিত নবনীপের মালা।''
'অলক' ও 'শিরীষ' শব্দ দুটির অর্থ লেখো।







(ঘ) দাশু সর্দারের কোন্ জেলখানায় কতদিনের সাজা হয়েছিল ?

(ঙ) বিপ্রদাসের ছোটো ভাইয়ের নাম কী? সে কী পড়তে বিদেশ গিয়েছিল ?

(চ) কুমুদিনীর বিয়ের সম্বন্ধ কোন্ ঘটক এনেছিলেন ? তাঁর পিতার নাম কী ছিল ?

(ছ) শরৎবাবুর ভাইয়ের নাম কী? নীলকান্ত তার কী চুরি করেছিল ?

(জ) তারাপদ বাড়ি থেকে পালিয়ে যে সমস্ত দলের আশ্রয় পেয়েছিল তার যে কোনো দুটি দলের নামোল্লেখ করো।

৩। উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) 'বধূ' কবিতায় উল্লিখিত বধূর গ্রামের প্রাকৃতিক পরিবেশের এক বর্ণনা প্রস্তুত করো।

(খ) ব্যাখ্যা করো :
''প্রিয়ে, তোমার তরুণ আঁখির প্রসাদ যেচে যেচে
কালিদাসকে হারিয়ে দিয়ে গর্বে বেড়াই নেচে ॥''

(গ) 'দুই বিঘা জমি' কবিতার 'রাজা' চরিত্রটির বৈশিষ্ট্য আলোচনা করো।

(ঘ) মধুসূদন ব্যবসায়ে কীভাবে উন্নতি করেছিলেন তা সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) মুকুন্দলালের মৃত্যুদৃশ্য বর্ণনা করো।

(চ) 'আপদ' গল্পের কিরণময়ী চরিত্রটি সংক্ষেপে ব্যক্ত করো।

(ছ) "এই ক্ষুদ্র মেয়েটি একটি দুর্ভেদ্য প্রহেলিকা।" কার সম্বন্ধে এ মন্তব্য করা হয়েছে? এই মন্তব্যের সপক্ষে যুক্তি দেখাও।

(জ) 'কাবুলিওয়ালা' গল্পে কাবুলিওয়ালা ও মিনির কথোপকথন আলোচনা করো।

৪। উত্তর দাও (যে কোনো চারটি) : ১০×৪=৪০

(ক) 'বধূ' কবিতার বধূটির মর্মযাতনার স্বরূপ ব্যক্ত করো।

(খ) 'পরশপাথর' কবিতার অন্তর্নিহিত বক্তব্য-বিষয় সম্বন্ধে আলোচনা করো।

(গ) 'দেবতার গ্রাস' কবিতার নামকরণের সার্থকতা বিচার করো।

(ঘ) 'যোগাযোগ' উপন্যাসে বিপ্রদাস চরিত্রটির বৈশিষ্ট্যসমূহ আলোচনা করো।

(ঙ) 'যোগাযোগ' উপন্যাসের ঘটনাবলি অবলম্বনে কুমুদিনী ও মধুসূদনের পারস্পরিক সম্পর্কটি বিশ্লেষণ করো।

(চ) পারিবারিক উপন্যাস হিসেবে 'যোগাযোগ' উপন্যাসটিকে বিশ্লেষণ করো।

(ছ) 'পোস্টমাস্টার' গল্পের বিষয়বস্তু আলোচনা করো।

(জ) তোমার পাঠ্য ছোটো গল্পগুলো অবলম্বনে রবীন্দ্রনাথ সৃষ্ট শিশু-কিশোর চরিত্রগুলোর বৈশিষ্ট্য আলোচনা করো।

(ঝ) 'কাবুলিওয়ালা' গল্পে পিতৃহৃদয়ের বৈশিষ্ট্য যেভাবে উদ্‌ঘাটিত হয়েছে তার স্বরূপ বিশ্লেষণ করো।

(ঞ) 'অতিথি' গল্পের নামকরণের বৈশিষ্ট্য আলোচনা করো।

★★★